



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/সিরাজ-৩০/ ৩৪২

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯
০৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: নলকা হেঙ্গাদিয়া বহুমুখী দাখিল মাদ্রাসার সহ-সুপার জনাব মো: খাইরুল ইসলাম এর ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র: সহ-সুপার জনাব মো: খাইরুল ইসলাম এর ১২/০৭/২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলাধীন নলকা হেঙ্গাদিয়া বহুমুখী দাখিল মাদ্রাসার সহ-সুপার জনাব মো: খাইরুল ইসলাম ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব ফিরে পাওয়ার জন্য সূত্রোক্ত ০২ নং স্মারকে আবেদন করেন। অত্র প্রতিষ্ঠানের সুপার বিগত ১৪/০৪/২০২১ তারিখ পদত্যাগ করায় ম্যানেজিং কমিটি বিধি মোতাবেক সহ-সুপার জনাব মো: খাইরুল ইসলাম-কে ভারপ্রাপ্ত সুপারে দায়িত্ব প্রদান করেন। পরবর্তীতে সুপার পদে শূন্যপদ পূরণের লক্ষ্যে ০৬/০৫/২০২১ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সহ-সুপার জনাব মো: খাইরুল ইসলাম অত্র প্রতিষ্ঠানের সুপার পদে আবেদন করায় সভাপতি মহোদয়ের নির্দেশনায় ভারপ্রাপ্ত সুপার পদ থেকে অব্যাহতি পত্র প্রদান করেন। ইতোমধ্যে নলকা হেঙ্গাদিয়া বহুমুখী দাখিল মাদ্রাসার সুপার পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়নি।

বর্ণিত অবস্থায়, সুপার নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হওয়ায় বিধি মোতাবেক সহ-সুপার জনাব মো: খাইরুল ইসলাম পত্র জারির পর থেকে পুনরায় ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালন করবেন এবং এডহক কমিটি গঠনের সকল কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০২.০৩.২২

মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১. ভারপ্রাপ্ত সুপার/সভাপতি

নলকা হেঙ্গাদিয়া বহুমুখী দাখিল মাদ্রাসা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ;

নং-বামাশিবো/প্রশা/সিরাজ-৩০/ ৩৪২

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯
০৪ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ;
২. উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ;
৩. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ;
৫. জনাব মো: খাইরুল ইসলাম (ভারপ্রাপ্ত সুপার), নলকা হেঙ্গাদিয়া বহুমুখী দাখিল মাদ্রাসা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ;
৬. জনাব আবু বক্কর সিদ্দিক, সহকারী শিক্ষক, নলকা হেঙ্গাদিয়া বহুমুখী দাখিল মাদ্রাসা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ; (ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব হস্তান্তরের অনুরোধসহ)
৭. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৪/২২

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd